

## 125918 - কারখানার উৎপাদিত পণ্য ও উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের উপর যাকাত ওয়াজিব

### প্রশ্ন

আমার সাবান তৈরির একটি কারখানা আছে। এর পুঁজি হলো: ১. কিছু স্থায়ী সম্পদ যথা: বিল্ডিং, জমি, যন্ত্রপাতি, উপকরণ ও গাড়ি।  
২. অপ্রক্রিয়াজাত কাঁচামালের মজুদ। ৩. বাজারজাতকরণের জন্য প্রস্তুত পণ্যের মজুদ। ৪. ব্যাংকের কিছু চলতি ব্যালেন্স। আমার প্রশ্ন হলো: এই কারখানার যাকাত কীভাবে আদায় করতে হবে (আপনাদের কাছে অনুরোধ, বিস্তারিত ও স্পষ্ট জবাব দিবেন)

### প্রিয় উত্তর

এক:

স্বর্ণ, রৌপ্য ও নগদ অর্থে যাকাত ওয়াজিব। অনুরূপভাবে ব্যবসার পণ্য, গবাদিপশু এবং যমীন থেকে উৎপাদিত ফসলেও যাকাত ওয়াজিব।

বিল্ডিং, যন্ত্রপাতি ও জমির উপর যাকাত ওয়াজিব হয় না; যদি না সেগুলোকে বিক্রি করার জন্য প্রস্তুত করা হয়।

সুতরাং আপনি যে স্থায়ী মূলধনের মালিক, সেগুলোর উপর যাকাত নেই। সেগুলো হলো: বিল্ডিং, জমি, যন্ত্রপাতি, উপকরণ ও গাড়ি।

আর বাজারজাতকরণের জন্য প্রস্তুত উৎপাদিত পণ্যে যাকাত আবশ্যিক হবে। অনুরূপভাবে কাঁচামালেও আবশ্যিক হবে। কারণ এটি পণ্য তৈরী করা ও ব্যবসার উদ্দেশ্যে কেনা হয়েছে। এগুলোর যাকাত আদায় করার পদ্ধতি হলো: বর্ষপূর্তির সময় উৎপাদিত পণ্যের ও কাঁচামালের বাজার মূল্য নির্ধারণ করা। তারপর সেই মূল্যের এক-চল্লিশাংশ (২.৫%) যাকাত হিসেবে প্রদান করা।

### দুই:

ব্যাংকের ব্যালেন্সের উপরও যাকাত ওয়াজিব হবে। বর্ষপূর্তির সময় ব্যাংকের ব্যালেন্স চেক করে আপনি এর যাকাত দিবেন। এতে ওয়াজিব হবে এর এক-চল্লিশাংশ (২.৫%) প্রদান করা।

অনুরূপভাবে অন্যদের কাছে আপনার যে ঋণ প্রাপ্য আছে, তারা যদি সে ঋণ স্বীকার করে, প্রদান করতে প্রস্তুত থাকে, অর্থাৎ অস্বীকার না করে এবং অস্বচ্ছল না হয়, তাহলে বর্ষপূর্তি হলে আপনি এ সম্পদেরও যাকাত প্রদান করবেন।

আর আপনার কাছে অন্যদের প্রাপ্য যে ঋণ আছে সে ঋণের ব্যাপারে অগ্রগণ্য মত হলো: এ ঋণ যাকাতকে প্রভাবিত করবে এবং যাকাতের অর্থ থেকে এ ঋণকে হ্রাস করা হবে না।

আল্লাহ সর্বশ্রেষ্ঠ।